দৈনিক বাংলা

তারিখ ২৮।৫।৮৯
পৃষ্ঠা ... ... কলাম ... ... ...

417

051

# তোলারাম কলেজে শান্তিপূর্ণভাবে পরীক্ষা চলছে

(স্টাফ রিপোর্টার)

গতকাল বুধবার নারায়ণগঞ্জ তোলারাম সরকারী কলেজ কেন্দ্রে শান্তিপূর্ণভাবে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সোমবার পরীক্ষা চলাকালীন সময়ে সংঘটিত অপ্রীতিকর ঘটনাকে কেন্দ্র করে দুদিন পরীক্ষা অনুষ্ঠান বন্ধ থাকার পর গতকাল পুনরায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

স্থানীয় প্রশাসন সূত্রে জানা গেছে, গতকাল সকাল বিকেল—

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা চলছে

(প্রথম পৃঃ পর)

দু বেলাই শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গতকাল দু-বেলাই ছাত্রদের বিভিন্ন বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ৯২৫ জন পরীক্ষার্থীর মধ্যে দু বেলায় পাঁচ শতাধিক পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। পরীক্ষার্থীর সংখ্যা আজ আরো বাড়বে বলে স্থানীয় কর্তৃপক্ষ আশা করছেন।

রাতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান জানান শান্তিপূর্ণভাবে পরীক্ষা হয়েছে। মোট পরীক্ষার্থীর দুই-তৃতীয়াংশ অংশগ্রহণ করে।

এদিকে ঢাকা কলেজে স্থানান্তরিত নারায়ণগঞ্জ মহিলা কলেজ উপ-কেন্দ্রের ছাত্রীদের পরীক্ষায়ও গতকাল শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে বলে চেয়ারম্যান জানান।